

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে আসার জন্য যে পদক্ষেপগুলো ফেলা হয়, মহান আল্লাহ সেগুলিরও সাওয়াব লিপিবদ্ধ করেন- এর দ্বারা উদ্দেশ্য হলো তার মর্যাদাসমূহ সমুন্নত করা হয় এবং তার পাপসমূহ মোচন করা হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ كَتْبَةَ الْآثَارِ لِمَنْ أَتَى الصَّلَوَاتِ إِنَّمَا هِيَ رَفْعُ الدَّرَجَاتِ وَحَطُّ الْخَطَايَا

আরবী

2041 _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّقَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدِ بْنِ مُسَرْبَلِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ مُغَرْبَلٍ حَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَلَاةُ الرَّجُلِ فِي جَمَاعَةٍ تَزيِدُ عَلَى صَلَاتِه فِي بَيْتِهِ وصلاته في سوقه خمسة وَعِشْرِينَ دَرَجَةً وَذَلِكَ أَنَّ أَحَدَهُمْ إِذَا تَوَضَّا فَأَحْسَنَ الْوُضُوءَ ثُمَّ أَتَى الْمَسْجِدَ لَا يُرِيدُ إِلَّا الصَّلَاةَ لَمْ يخطُ خُطُوةً إِلَّا رَفَعَ اللَّهُ لَهُ بِهَا دَرَجَةً وَحَطَّ عَنْهُ بِهَا خَطِيئةً حَتَّى يَدْخُلُ الْمَسْجِدَ فَإِذَا دَخَلَ الْمَسْجِدِ كَانَ فِي صَلَاةٍ مَا كَانَتِ الصَّلَاةُ تُحْسُنُ الْمَسْجِدَ فَإِذَا دَخَلَ الْمَسْجِدِ كَانَ فِي صَلَاةٍ مَا كَانَتِ الصَّلَاةُ تُحْسِفُ)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2041 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (568)

বাংলা

২০৪১. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "কোন ব্যক্তির জামা'আতে সালাত আদায় করা তার বাড়িতে ও বাজারে সালাত আদায় করার চেয়ে ২৫ গুণ বেশি সাওয়াব হয়। আর এর কারণ হলো যখন তাদের কেউ ওয়ু করে; উত্তমভাবে ওয়ু করে, তারপর মাসজিদে আসে শুধুমাত্র সালাত আদায় করার জন্য, সে ব্যক্তি একটি পদক্ষেপ ফেললেই মহান আল্লাহ তার বদৌলতে একটি মর্যাদা সমুন্নত করে দেন এবং তার একটি গোনাহ মোচন করে দেন, (এরকম হতেই থাকে) যতক্ষন না সে মাসজিদে গমন করে। অতঃপর যখন সে মাসজিদে গমন করে, তখন সে পর্যন্ত সালাতের মধ্যেই থাকে, যে পর্যন্ত



সালাত তাকে আটকে রাখে।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪৭৭; আবূ দাউদ: ৫৫৯; মুসনাদ আহমাদ: ২/২৫২; সহীহ মুসলিম: ৬৪৯; ইবনু মাজাহ: ২৮১; আবূ আওয়ানা: ১/৩৮৮; সুনান বাইহাকী: ৩/৬১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৯০; আত তায়ালিসী: ২৪১২; তিরমিযী: ৬০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন